# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

বিএমএ ভবন, কলাতলী রোড, কক্সবাজার।
www.coxda.gov.bd

স্মারক নং- ২৫.৪৭.২২০০.০০০.১১.০০৫.১৯/২৭৫

তারিখ : ১৮ অক্টোবর ২০২১ / ০৩ কার্তিক ১৪২৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের ১৬টি শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | জাতীয় বেতন স্কেল/২০১৫) | নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | সিস্টেম এনালিস্ট | ০১ | ৪০ | বেতন স্কেল: ৩৫৫০০-৬৭০১০/- গ্রেড: ৬ | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী;<br>ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) কোন সরকারি/স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/ কম্পিউটার অপারেশন সুপারভাইজার হিসাবে অন্যূন ৩ (তিন) বছরের চাকুরী;<br>গ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ এবং;<br>ঘ) সংশ্লিষ্ট সেক্টরে স্বীকৃত কোন উদ্ভাবন বিশেষ যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে। |
| ০২ | আইন কর্মকর্তা | ০১ | ৩৫ | বেতন স্কেল: ২৯০০০- ৬৩৪১০/- গ্রেড: ৭ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি;<br>খ) বার কাউন্সিলের সনদ থাকিতে হইবে; এবং<br>গ) সরকারি বা আধা সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির আইন কর্মকর্তা বা আইন পরামর্শক পদে অন্যূন ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। |
| ০৩ | সহকারী পরিচালক (এস্টেট) | ০১ | ৩০ | বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- গ্রেড: ৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ০৪ | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) | ০১ | ৩০ | বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- গ্রেড: ৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা হিসাববিজ্ঞান বা ব্যবসা প্রশাসন বা মার্কেটিং বা ফিন্যান্স বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ০৫ | সহকারী প্রকৌশলী | ০২ (সিভিল-১, ইলেকট্রিক্যাল-১) | ৩০ | বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- গ্রেড: ৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সিভিল প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেট্রনিক্স প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। |
| ০৬ | সহকারী নগর পরিকল্পনাবিদ | ০১ | ৩০ | বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- গ্রেড: ৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। |
| ০৭ | ইমারত পরিদর্শক | ০২ | ৩০ | বেতন স্কেল: ১৬০০০- ৩৮৬৪০/- গ্রেড: ১০ | কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে স্থাপত্য বা সিভিল প্রকৌশল বিষয়ে অন্যূন ২য় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| ০৮ | উপ-সহকারী প্রকৌশলী | ০১ | ৩০ | বেতন স্কেল: ১৬০০০- ৩৮৬৪০/- গ্রেড: ১০ | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সিভিল বা মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে ডিপ্লোমা। |
| ০৯ | পিএ/সেকশন অফিসার (গোপনীয়) | ০১ | ৩০ | বেতন স্কেল: ১০২০০- ২৪৬৮০/- গ্রেড: ১৪ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১০ | সার্ভেয়ার | ০১ | ৩০ | বেতন স্কেল: ৯৭০০- ২৩৪৯০/- গ্রেড: ১৫ | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বছর মেয়াদী সার্ভে (জরিপ) কোর্স সার্টিফিকেট। |
| ১১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৪ | ৩০ | বেতন স্কেল: ৯৩০০- ২২৪৯০/- গ্রেড: ১৬ | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট;<br>খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকিতে হইবে, যথা:-<br>(অ) বাংলা: প্রতি মিনিটে ৩০ শব্দ;<br>(আ) ইংরেজি : প্রতি মিনিটে ৩৫ শব্দ। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. ২১/১০/২০২১ তারিখে প্রার্থীর বয়সসীমা ক্রমিক নং- ০১ এর ৪০ বছর, ক্রমিক নং- ০২ এর ৩৫ বছর এবং ক্রমিক নং- ০৩ থেকে ১১ পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯ আগস্ট ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ নং স্মারক মোতাবেক ২৫/০৩/২০২০ খ্রি: তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ০৩ থেকে ১১ নং ক্রমিকের প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:
ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://coxda.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) **Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২১/১০/২০২১ খ্রি:, সকাল ১০:০০ টা।**

(ii) **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১১/১১/২০২১ খ্রি:, বিকাল ৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদন পত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষা ফি **বাবদ ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত ৮৯৬/- টাকা (টেলিটকের ফি: সহ) এবং ক্রমিক নং ০৭ হতে ১১ পর্যন্ত ৪৪৮/- টাকা (টেলিটকের ফি: সহ)** অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: COXDA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: COXDA ABCDEF

Reply: Applicant's Name, Tk............../- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type COXDA<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: COXDA<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: COXDA YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for COXDA Application for <post name> User ID is (ABCDEF) and password (xxxxxx).

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://coxda.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।**

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে COXDA<space>Help<space>User<space>User ID Send to 16222.
Example: COXDA HELP USER ABCDEF & Send to 16222

ii. PIN Number জানা থাকলে: COXDA<space>Help<space> PIN<space>PIN No & Send to 16222.
Example: COXDA HELP PIN 12345678 & Send to 16222

**৩. প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(i) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)

(ii) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(iii) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

(iv) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কউন্সিলর/কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(v) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

(vi) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি ও প্রবেশপত্র (Applicant's Copy + Admit Card).

৪. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট **www.coxda.gov.bd** এ পাওয়া যাবে।

৫. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৬. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৮. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৯. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

**১০. কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।**

**১১. নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য কোটাসহ সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।**

১২. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করা এবং নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আবু জাফর রাশেদ
সচিব (উপ সচিব)
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
ও
সদস্য সচিব
জনবল নিয়োগ কমিটি
দুরালাপনী: ০৩৪১-৫২৭২১